

ড. মুহাম্মদ ইউনূসের উদ্দেশে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহ বলেছেন, আহত এবং শহীদদের রক্তের ওপর দাঁড়িয়ে আমরা আপনাকে ক্ষমতায় বসিয়েছি। আমরা আপনাকে অনুরোধ করছি না, আপনাকে সিদ্ধান্ত জানিয়ে দিচ্ছি- আওয়ামী লীগকে নিষিদ্ধ করতে হবে। গণহত্যাকারী আওয়ামী লীগকে নিষিদ্ধ করতে হবে।

শুক্রবার (২ মে) বিকেলে বায়তুল মোকাররমের দক্ষিণ ফটকে আওয়ামী লীগ নিষিদ্ধের দাবিতে এনসিপির সমাবেশে দেওয়া বক্তব্যে তিনি এ কথা বলেন।

সমাবেশে এনসিপির উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম বলেন, আজ থেকে ৯ মাস আগে আগস্টের ৩ তারিখে ঠিক এমন বিকেলে শহীদ মিনারের উনুজ্ঞ মঞ্চে দাঁড়িয়ে সবাই এক হয়ে আওয়ামী লীগের বিরুদ্ধে রায় দিয়েছিলাম। আজ ২ মে ছাত্র জনতা এক হয়ে আওয়ামী লীগের বিরুদ্ধে আবারও রায় দিয়েছে। আমরা বাংলাদেশে খুনি আওয়ামী লীগের নিষিদ্ধকরণ চাই।

আওয়ামী লীগ নিষিদ্ধের দাবিতে এই সমাবেশে এনসিপির কেন্দ্রীয় নেতারা বক্তব্য দেন।

